

আবহাওয়ার পরিচিতি

তাপমাত্রা, সূর্যকিরণের মাত্রা ও সূর্যকিরণ কাল, বৃষ্টিপাত, আর্দ্রতা, বায়ুর গতি ও দিক, বায়ুর চাপ ইত্যাদি আবহাওয়ার উপাদান বিভিন্নভাবে ধান উৎপাদনের উপর প্রভাব বিস্তার করে থাকে।


তাপমাত্রা

গাছপালা নানাভাবে তাপমাত্রা দ্বারা প্রভাবিত হয়ে থাকে। ধান গাছের জীবনচক্রের বিভিন্ন পর্যায়ের জন্য বিভিন্ন সর্বনিম্ন ও সর্বোচ্চ তাপমাত্রা রয়েছে যখন গাছের আর কোন বাড়-বাড়তি হয় না।

- ◆ তাপমাত্রার তারতম্যের জন্য উষ্ণী ধানের জীবনকাল বোরো মৌসুমে, আউশ বা আমন মৌসুমের চেয়ে ৩০-৫০ দিন বেশী।
- ◆ স্বল্প দিনে পাকে এরূপ জাত আগাম বোরো হিসাবে লাগালে অথবা আমনের জাত বেশী নাবীতে রোপণ করলে কাইচথোড় এবং খোড় অবস্থায় অতিরিক্ত ঠাণ্ডার প্রভাবে শিশে ধানের সংখ্যা কমে যেতে পারে অথবা চিটার সংখ্যা বেড়ে যেতে পারে। স্বল্প আলোক সংবেদনশীল জাত, যেমন বিআর১০ বা বিআর১১ এবং আলোক অসংবেদনশীল জাত কিছুতেই ৩১ ভাদ্রের পরে লাগানো উচিত নয়।
- ◆ প্রজনন পর্যায়ে অতি উষ্ণ তাপে (৩৫° ডিগ্রী সেন্টিগ্রেড বা বেশী) বা অতি নিম্ন তাপের (২০° ডিগ্রী সেন্টিগ্রেডের নিচে) শিশে ধানের সংখ্যা কমে যেতে পারে। ফুল ফোটা অথবা পরাগায়ণের সময় যদি অতি উষ্ণ তাপ থাকে তাহলে চিটার সংখ্যা খোড় অবস্থার চেয়ে অনেক বেশী হয়।




আবহাওয়ার উপাত্ত সংগ্রহ



কৃষি আবহাওয়া পর্যবেক্ষণাগার

বোরো ধানে শৈত্য প্রবাহের প্রভাব

- ▶ বীজতলার চারা হলুদ বর্ণ ধারণ করে এবং অঙ্গজ বৃদ্ধি ব্যাহত হয়।
- ▶ রোপণকৃত চারার অঙ্গজ বৃদ্ধি ব্যাহত হয়। ধানের পাতার অগ্রভাগ শুকিয়ে যায়।
- ▶ শৈত্য প্রবাহ ও ঘন কুয়াশার কারণে বীজ তলায় ড্যান্ডাম্পিং অফ রোগের আক্রমণ পরিলক্ষিত হয়।



পলিথিন দ্বারা ঢেকে দেয়ার প্রভাব

▶ শৈত্য প্রবাহের ক্ষয়ক্ষতি এড়াতে করণীয়

- ▶ প্রচণ্ড শীতে বীজতলা প্রতিদিন সূর্য উঠার ৪-৬ ঘন্টার মধ্যে সাদা স্বচ্ছ পলিথিন দ্বারা ঢেকে দিয়ে এবং সূর্য ডোবার সাথে সাথে পলিথিন তুলে দিয়ে বলিষ্ঠ ও স্বাভাবিক চারা উৎপাদন করা সম্ভব।
- ▶ তীব্র শীতের সময় বীজতলায় দাঁড়ানো পানি রাখতে পারলে চারা অপেক্ষাকৃত বেশি সতেজ থাকবে এবং কম ক্ষতিগ্রস্ত হবে। সে জন্য বীজতলা পানির উৎসের কাছেই করা উচিত।
- ▶ ১৫ নভেম্বরের (৩০ কার্তিক) পর বীজতলা তৈরি করলে বোরো ধানের চিটা এড়ানো সম্ভব।

- ▶ শীতাক্রান্ত বীজতলায় অনুমোদিত মাত্রায় জিপসাম সার ব্যবহার করতে হবে।
- ▶ বীজতলায় বিঘা প্রতি ৩ - ৪ টন গোবর সার ব্যবহার করলে চারা সতেজ থাকবে।
- ▶ ফুল পর্যায়ে শীতাক্রান্তের কবল হতে বোরো ফসল রক্ষার জন্য ঠাণ্ডা সহিষ্ণু বোরো ধানের আবাদ করতে হবে।

সূর্যকিরণ

ধান গাছের জীবন চক্রের বিভিন্ন পর্যায়ে এর প্রভাব কম বেশী হয়। শিষ গঠন পর্যায়ে এবং ধান পাকা পর্যায়ে সূর্যকিরণের প্রভাব সবচেয়ে বেশী এবং দৈহিক বর্ধনশীল পর্যায়ে এর প্রভাব তুলনামূলক ভাবে কম। তাই এমন সময় ধান বপন বা রোপণ করতে হবে যাতে ধানগাছের জীবন চক্রের শেষ পর্যায়ে দুটি প্রচুর পরিমাণে সূর্যকিরণ পায়।

বৃষ্টিপাত

মাটির আর্দ্রতা প্রধানত বৃষ্টিপাতের ওপর নির্ভরশীল। ধান গাছ তার জীবন চক্রের প্রত্যেক পর্যায়েই মাটির আর্দ্রতার উপর নির্ভর করে। তবে কাইচ থোর থেকে ধানের দুধ আসা পর্যন্ত স্তর মাটির আর্দ্রতার অভাবে বেশী ক্ষতি হয়।



মেঘ ও বৃষ্টিপাত

আর্দ্রতা

আর্দ্রতা গাছের বাষ্পীয় প্রস্বেদনকে প্রভাবান্বিত করে। আর্দ্রতা ৭০% বা তার বেশী হলে গাছ সম্পর্কিত নানা জীবাণুর প্রচুর বিস্তার ঘটে। তাছাড়া ধান গাছের অনিষ্টকারী পোকামাকড় ও রোগজীবাণুর বিস্তার ঘটানোর আশংকা থাকে।

মন্তব্য

আবহাওয়াকে ধান উৎপাদনের একটি উপকরণ হিসাবে গণ্য করে এর সুস্থ ব্যবস্থাপনার মাধ্যমে অধিক ফলন লাভ করা সম্ভব।